

# সব্যসাচী

প্রথম শ্রেণির দৈনিক

১৫ জুন ২০২১ ৩১ জ্যৈষ্ঠ ১৪২৮ ২.৫০ টাকা \* রেজি নং- আর. এন. ৪৮০৮৫/৮৮ ফোন: ২৬৩১৩২, ফ্যাক্স: ০৩২২২-২৬৩৮৯৭ www.b

BIPLABI SABYASACHI (A Bengali Daily)

Postal Registration No. W.B/SSP/MNP/

## গড়বেতা কলেজে কোভিড কথা নিয়ে ওয়েবিনার, মূল্যবান বক্তৃতা বিশিষ্ট বিজ্ঞানী ড. পার্থ চক্রবর্তী

পত্রিকা প্রতিনিধি : গড়বেতা কলেজ কোভিড-১৯ টাস্ক ফোর্স, সাহলি উইমেন সেল এবং আইকিইউএসি গড়বেতা কলেজের সহায়তায় গত ১৩ জুন কোভিড কথা : আন্ডারস্ট্যান্ডিং-কোভিড শীর্ষক একটি ওয়েবিনার হয়ে গেল। অনুষ্ঠানে মুখ্য বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ইন্ডি য়ান ইন্সটিটিউট অফ কেমিক্যাল বায়োলজির- প্রধান বিজ্ঞানী এবং বিশিষ্ট চিকিৎসক ড. পার্থ চক্রবর্তী। ওয়েবিনারে উপস্থিত ছিলেন ভারত সরকারের শান্তিধ্বজা ডাটনগর পুরস্কার প্রাপ্ত অধ্যাপক দেবীপ্রসাদ সরকার, বায়োকেমিস্ট এন্ড ভাইরোলজিস্ট, ডিপার্টমেন্ট অফ বায়োকেমিস্ট্রি, ইউনিভার্সিটি অফ দিল্লি, সডিথ ক্যাম্পাস। ওয়েবিনারের মূল উদ্দেশ্য ব্যক্ত করে গড়বেতা কলেজের অধ্যক্ষ তথা

ওয়েবিনারের সভাপতি ড. হরিপ্রসাদ বরেন, একটি ক্ষুদ্র বক্তৃতায় ভাইরাস যেভাবে পৃথিবী গ্রাসের সঞ্চার করেছে, তার থেকে বেরিয়ে আসার উপায় সন্ধান এবং জনমানসে সচেতনতা সংগঠন করা খুবই জরুরি। সামাজিক কর্তব্যবোধের প্রেরণা থেকেই এই কলেজ ওয়েবিনারটির আয়োজন করেছে।

ওয়েবিনারের মুখ্য বক্তা ড. পার্থ চক্রবর্তী অত্যন্ত প্রাজ্ঞ এবং সহজ ভাষায় কোভিড-১৯ সংক্রান্ত নানান বিষয় আলোচনা করেন। তাঁর বক্তব্যে কোভিড-১৯ সংক্রান্ত এয়ারং প্রাপ্ত জানা-জানা বিভিন্ন বিষয় উঠে আসে। আমাদের মধ্যে প্রচলিত বিভিন্ন মিথও তিনি ভেঙে দেন তাঁর আলোচনায়। তিনি বলেন, মাস্ক ব্যবহার, বিশেষত সার্জিক্যাল বা এন ৯৫ মাস্ক ব্যবহার কোভিড প্রতিরোধের অন্যতম হাতিয়ার।

কাপড়ের মাস্কের কার্যকারিতার অভাবে বিষয়েও তিনি সচেতন করে দেন। সেই সঙ্গে তিনি এ-ও বলেন, ভ্যাকসিন ৬৭ শতাংশ ক্ষেত্রে কোভিড প্রতিরোধে বুস্টারের ভূমিকা পালন করবে। বৃহৎ জনসংখ্যার দেশ ভারতবর্ষে সকলকে কোভিড সংক্রমিত হওয়ার সুযোগ দিয়ে দেশবাসীর শরীরে প্রয়োজনীয় অ্যান্টিবডি তৈরি করা অসম্ভব বলেই তিনি জানান। তাতে মৃত্যুর হার বাড়বে। তাই মানব-শরীরে ভ্যাকসিন প্রয়োগ করেই অ্যান্টিবডি তৈরি করার পক্ষে তিনি মত প্রদান করেন। তিনি বলেন, ৯৫ শতাংশ ক্ষেত্রেই কোভিড আক্রান্ত ব্যক্তি বাড়িতেই সুস্থ হয়ে যান। মাত্র পাঁচ শতাংশ ক্ষেত্রে হাসপাতালে ভর্তির প্রয়োজন পড়ে। সঠিক সময়ে চিকিৎসার সুযোগ পেলে অধিকাংশ কোভিড রোগীকেই সুস্থ করে তোলা সম্ভব।

বিজ্ঞান কোনও নিশ্চিত আশুভ্যাকের কথা বলে না। বরং মানবশরীরের প্রতিক্রিয়ায় তারতম্য স্বাভাবিক বলেই জীববিজ্ঞান সম্ভাবনার শতাংশ বেশি না কম সেটাই বলে। স্যানিটাইজার বা ইথানল ব্যবহারের বিষয়ে তিনি সতর্ক করে দেন। ড. চক্রবর্তী কোভিড-১৯ এর তৃতীয় ঢেউ সম্পর্কে ও সচেতন করে দেন। ওয়েবিনারের প্রমোশনের পর্বে ড. চক্রবর্তী অত্যন্ত ধৈর্য্য-সহকারে অংশগ্রহণকারীদের সকল প্রশ্নের উত্তর দেন। ওয়েবিনারে ধন্যবাদ জ্ঞাপন করেন গড়বেতা কলেজের আইকিইউএসি কো-অর্ডিনেটর ড. পৃথ্বীশ কুমার হাইত। এবং গড়বেতা কলেজের অধ্যক্ষ ড. হরিপ্রসাদ সরকার উভয়েই বলেন, এই ধরনের সচেতনতা ওয়েবিনার গড়বেতা কলেজে আগামী দিনেও করার পরিকল্পনা রয়েছে।